

## রাজশাহী শিক্ষা বোর্ডের দায়িত্বহীনতা গত বছরের এসএসসির মেধাবী শিক্ষার্থীরা বৃত্তির টাকা পেল না

প্রতিনিধি, উল্লাহাড়া (সিরাজগঞ্জ)

রাজশাহী শিক্ষা বোর্ডের অবহেলা ও দায়িত্বহীনতার কারণে ২০০৪ সালের এসএসসি পরীক্ষার মেধাবী ছাত্রছাত্রীরা বরাদ্দকৃত বৃত্তি ও এককালীন অনুদানের (ল্যান্সশিপমান্ট) টাকা উত্তোলন করতে পারেনি। বোর্ডের ওই বছরের ২২৭ জন বোর্ড মেধা বৃত্তি এবং ২ হাজার ৬৬৭ জন সাধারণ বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীর জন্য ৮১ লাখ ৩৭ হাজার ৩০০ টাকা স্বাক্ষরমুখে উত্তোলন করতে না পারায় তামাদি হয়ে গেছে।

সরকারের পক্ষে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ১৮ জানুয়ারি ওই মেধাবী ছাত্রছাত্রীদের তালিকা তৈরি করে বৃত্তি ও অনুদান প্রদানের জন্য রাজশাহী শিক্ষা বোর্ডকে চিঠি দেন। এ চিঠি পাওয়ার প্রায় ৬ মাস পর রাজশাহী শিক্ষা বোর্ড ২০০৪ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড মেধা বৃত্তি এবং সাধারণ বৃত্তি প্রদানের নিমিত্তে চূড়ান্ত তালিকা প্রকাশ করে।

রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর এনামুল হকের ২৩ জুন

স্বাক্ষরিত ওই তালিকা বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের অধ্যয়নরত কলেজগুলোয় ৬ জুলাই পৌঁছে। এর মধ্যে ২০০৪-০৫ অর্থবছর শেষ হয়ে যায়। নিয়ম অনুযায়ী অব্যাহত বোর্ডের সংশ্লিষ্ট কলেজগুলো বিলের মাধ্যমে বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের বৃত্তি ও অনুদানের টাকা উত্তোলন করে তা ছাত্রছাত্রীর হাতে তুলে দেয়।

কিন্তু রাজশাহী শিক্ষা বোর্ড ২০০৪-০৫ অর্থবছরের মধ্যে সংশ্লিষ্ট কলেজগুলোয় ওই ছাত্রছাত্রীদের তালিকা পৌঁছাতে ব্যর্থ হওয়ায় কলেজগুলো বৃত্তির টাকা উত্তোলন করতে পারেনি।

এ ব্যাপারে স্থানীয় হিসাবরক্ষণ অফিসগুলো জানায়, অর্থবছর চলে গেলে ওই বিল পরিশোধের বিধান নেই। নির্ধারিত সময়ের মধ্যে বৃত্তির ওই বিল উত্তোলন না করায় স্বাভাবিকভাবে তা তামাদি হয়ে যায়।